**REGIONAL NEWS UNIT**
**ALL INDIA RADIO, AGARTALA**
**Date: 25-11-2024**
**Time: 07:55-08:05 PM Hrs**
**BENGALI EVENING BULLETIN**

---

**Headlines :**

**(১) রাজ্যপাল ইন্দ্রসেনা রেড্ডি নাল্লু বলেছেন, সংবিধান শুধুমাত্র একটি আইনী দলিল নয়, এক ঐক্যবদ্ধ ও প্রগতিশীল সমাজের পথপ্রদর্শকও।**

**(২) সংসদের শীতকালীন অধিবেশন আজ থেকে শুরু হয়েছে ।**

**(৩) প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি বলেছেন ভারত তার ভবিষ্যত বৃদ্ধিতে সমবায়ের বিশাল ভূমিকা দেখতে পাচ্ছে।**

**(৪) আগামীকাল বিকেলে আগরতলা স্থলবন্দরে ল্যান্ড পোর্ট ম্যানেজমেন্ট সিস্টেম চালু হচ্ছে ।**

*******************************************

**Constitution Day-Governor :**

আগামীকাল সংবিধান দিবস। এ উপলক্ষে রাজ্যপাল ইন্দ্রসেনা রেড্ডি নাল্লু রাজ্যবাসীকে শুভেচ্ছা জানিয়েছেন। এক শুভেচ্ছা বার্তায় রাজ্যপাল বলেছেন, এই দিনটিতে আমরা আমাদের গণতান্ত্রিক ব্যবস্থার মূল ভিত এবং নাগরিকদের অধিকার ও দায়িত্বের ভিত্তি হিসেবে ভারতের সংবিধান গৃহীত হওয়ার দিন হিসেবে স্মরণ করি। এই দিনটি স্মরণ করিয়ে দেয় যে, সংবিধান প্রণেতারা কি উদ্দেশ্য ও মূল্যবোধ নিয়ে সংবিধান প্রণয়ন করেছিলেন। এতে নিহিত রয়েছে ন্যায়, স্বাধীনতা, সাম্য ও সৌভ্রাতৃত্বের ভাবনা। এই উপলক্ষে আমরা দেশের স্বাধীনতা অর্জনের আন্দোলন ও আত্মত্যাগকেও স্মরণ করি।

রাজ্যপাল বলেন, সংবিধান শুধুমাত্র একটি আইনী দলিল নয়, এক ঐক্যবদ্ধ ও প্রগতিশীল সমাজের পথপ্রদর্শকও। সংবিধান প্রতিটি ব্যক্তিকে ক্ষমতায়িত করে, তার আত্মমর্যাদা ও স্বাধীনতাকে সুরক্ষিত করে। এই দিনটিতে সংবিধানের নীতিমালাকে উর্দ্ধে তুলে ধরার জন্য অঙ্গীকারবদ্ধ হতে এবং সকলের জন্য এক উজ্জ্বল ভবিষ্যৎ গঠনের লক্ষ্যে মিলেমিশে কাজ করার আহ্বান জানিয়েছেন রাজ্যপাল।

*************************

**Constitution Day-Padayatra :**

সংবিধান দিবস স্মরণে আজ নতুন দিল্লিতে "আমাদের সংবিধান, আমাদের সম্মান পদযাত্রা" কর্মসূচির আয়োজন করা হয়। কেন্দ্রীয় মন্ত্রী মনসুখ মান্ডভিয়া, কিরেন রিজিজু, গজেন্দ্র সিং শেখাওয়াত সহ অন্যান্যরা এই পদযাত্রায় অংশগ্রহণ করেন।

**************************

**Parliament :**

সংসদের শীতকালীন অধিবেশন আজ থেকে শুরু হয়েছে। এই অধিবেশন চলবে আগামী ২০শে ডিসেম্বর পর্যন্ত। ওয়াকফ সংশোধনী বিল সহ ১৬টি বিল সংসদে আলোচনার জন্য উথ্থাপিত হবার কথা রয়েছে। একটি নির্দিষ্ট ব্যবসায়িক গোষ্ঠীর বিরুদ্ধে ঘুষের অভিযোগ এবং অন্যান্য বিষয়ে হট্টগোলের মধ্যে সংসদের উভয় কক্ষই আজ দিনের জন্য মুলতবি করা হয়। শীতকালীন অধিবেশনের প্রথম দিনে আজ প্রথম মুলতবি হওয়ার পরে যখন রাজ্যসভা পুনরায় শুরু হয়, তখন চেয়ারম্যান জগদীপ ধনখর বিরোধী সদস্যদের স্বাভাবিকভাবে সভার কাজ করার অনুরোধ করেন।

পুণরায় শোরগোল শুরু হওয়ায় তিনি দিনের জন্য সভার কাজ স্থগিত করেন। এর আগে, সকালে চেয়ারম্যান ব্যবসায়ী গোষ্ঠীর বিরুদ্ধে ঘুষের অভিযোগ, মণিপুরে সহিংসতা এবং অন্যান্য বিষয়ে বিরোধী সাংসদদের দেওয়া মুলতবি নোটিশ প্রত্যাখ্যান করেন। তিনি বলেন, সংবিধান গৃহীত হওয়ার ৭৫ বছর পূর্তি উপলক্ষে এই অধিবেশন

অনুষ্ঠিত হচ্ছে এবং জনগণের আশা-আকাঙ্খা পূরণে দৃষ্টান্তমূলক সর্বোচ্চ মান উপস্থাপনের জন্য তিনি সদস্যদের প্রতি আহ্বান জানান। বিরোধী দলের নেতা মল্লিকার্জুন খাড়গে ব্যবসায়ী গোষ্ঠীর বিরুদ্ধে ঘুষের অভিযোগের বিষয়ে কথা বলতে চাইলে তাকে অনুমতি দেওয়া হয়নি।

এদিকে, লোকসভা প্রথমবার মুলতবির পর বেলা ১২টায় পুণরায় শুরু হলে, কংগ্রেস, সমাজবাদী পার্টি, ডিএমকে এবং অন্যান্য সদস্যরা উত্তরপ্রদেশের সম্ভলে সহিংসতার খবর ও একটি নির্দিষ্ট ব্যবসায়িক গোষ্ঠীর বিরুদ্ধে ঘুষের অভিযোগ সহ বিভিন্ন বিষয় নিয়ে হৈচৈ সৃষ্টি করেন। হট্টগোলের মধ্যে প্রিজাইডিং অফিসার দিনের জন্য সংসদ মুলতবি করেন।

এর আগে, অধিবেশনের শুরুতে সভার দুই সদস্য সদ্য প্রয়াত বসন্তরাও চ্যবন এবং শেখ নুরুল ইসলামকে শ্রদ্ধা জানানো হয়।

রাজ্যসভাতেও ছয়জন প্রয়াত প্রাক্তন সদস্যকে শ্রদ্ধা জানানো হয়। উল্লেখ্য, আগামীকাল সংবিধান দিবসে সংসদের অধিবেশন বসবে না। বুধবার উভয় কক্ষের কাজ হবে।

*******************************

**Gomoti Hydroelectric Power Project :**

গোমতি জলবিদ্যুৎ কেন্দ্রের পুনরুজ্জীবন এবং গোমতি নদীর উৎসমুখ তীর্থমুখে আসন্ন মকর সংক্রান্তি মেলা সংক্রান্ত বিষয়ে রাজ্য বিদ্যুৎ নিগম লিমিটেডের ব্যবস্থাপক অধিকর্তা বিশ্বজিৎ বসুর সঙ্গে আজ এক বৈঠকে মিলিত হন করবুকের বিধায়ক সঞ্জয় মানিক ত্রিপুরা। বৈঠকে নিগম অধিকর্তা শ্রী বসু জানান, খুব শীঘ্রই এনএইচপিসি বিশেষজ্ঞদল এই জল বিদ্যুৎ কেন্দ্র পরিদর্শন করবেন এবং কিভাবে এর পুনরুজ্জীবনের মাধ্যমে সর্বোচ্চ বিদ্যুৎ উৎপাদন করা যায় সে বিষয়ে মতামত প্রদান করবেন। তাছাড়া আগামী কয়েকদিনের মধ্যেই জেলা প্রশাসন, বনদপ্তর, বিদ্যুৎ নিগম, পূর্ত দপ্তর সহ বিভিন্ন দপ্তরকে নিয়ে

বিধায়ক তীর্থমুখ এলাকা ঘুরে দেখে উন্নয়নের পরিকল্পনা গ্রহণ করবেন।

***************************

**Beti Banchao, Beti Padao-Dhalai :**

বেটি বাঁচাও, বেটি পড়াও কর্মসূচির অঙ্গ হিসেবে বালিকা মঞ্চের ধলাই জেলাভিত্তিক সেনসিটাইজেশন প্রোগ্রাম আজ আমবাসা টাউনহলে অনুষ্ঠিত হয়। অনুষ্ঠানের সূচনা করেন ধলাই জিলা পরিষদের সভাধিনেত্রী সুস্মিতা দাস। অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন প্রধানমন্ত্রী রাষ্ট্রীয় বাল পুরস্কার প্রাপ্ত দক্ষিণ জেলার কুমারী জোৎস্না আক্তার। অনুষ্ঠান মঞ্চে তাকে সম্মান জানানো হয় পাশাপাশি বাল্যবিবাহ রোধে নিজের অভিজ্ঞতার কথা তুলে ধরেন তিনি। ধলাই জেলা প্রশাসনের উদ্যোগে ও জেলা সমাজ কল্যাণ ও সমাজ শিক্ষা দপ্তর এবং জেলা শিক্ষা দপ্তরের যৌথ ব্যবস্থাপনায় আয়োজিত এই অনুষ্ঠানকে কেন্দ্র করে ব্যাপক সাড়া পরিলক্ষিত হয়।

***************************

**Namo Yuba Yatra-Unakoti :**

নেশামুক্ত ও সন্ত্রাসমুক্ত রাজ্য গঠনের আহ্বান জানিয়ে ও সুশাসনের বার্তা পৌঁছে দিতে বিজেপি'র যুব মোর্চার "নমো যুব যাত্রা'র মোটর বাইক রেলি আজ বিকালে কৈলাশহরে এসে পৌঁছেছে। এই উপলক্ষ্যে কৈলাসহর রামকৃষ্ণ মহাবিদ্যালয়ের সংলগ্ন স্থানে তাঁদের স্বাগত জানানো হয়। নমো যুব যাত্রার উদ্দেশ্য ও তাৎপর্য নিয়ে বক্তব্য রাখেন, যুব মোর্চার প্রদেশ সভাপতি তথা বিধায়ক সুশান্ত দেব, প্রদেশ সাধারণ সম্পাদক তথা বিধায়ক শম্ভুলাল চাকমা প্রমুখ। উল্লেখ্য যে, গত বুধবার কুড়ি নভেম্বর এই যাত্রা শুরু হয়েছিল দক্ষিণ জেলার সাব্রুম থেকে। পথ পরিক্রমা করে উত্তর ত্রিপুরা জেলার ধর্মনগরে তা শেষ হবে।

***************************

**BJP :**

পর্যটন মন্ত্রী সুশান্ত চৌধুরীর পৌরোহিত্যে আজ মজলিশপুর বিজেপি মন্ডলের অন্তগর্ত সমস্ত নবগঠিত বুথ কমিটির সদস্য-সদস্যা ও মন্ডল নেতৃবৃন্দের নিয়ে জিরানীয়া স্থিত অগ্নিবীণা হল ঘরে এক বিশেষ সাংগঠনিক বৈঠক অনুষ্ঠিত হয়। শ্রী চৌধুরী জনগণের কল্যাণের জন্য আন্তরিকভাবে কাজ করতে পরামর্শ দেন।

*****************************

**Earth Quake :**

আজ ভোরে উত্তর ত্রিপুরা জেলার কিছু অংশে মৃদু ভূমিকম্প অনুভূত হয়। রিখটার স্কেলে ভূমিকম্পের মাত্রা ছিলো ৩'৪। ক্ষয়ক্ষতির কোন সংবাদ নেই।

**************************

**PM, Co-operative :**

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি আজ জোর দিয়ে বলেছেন যে ভারত তার ভবিষ্যত বৃদ্ধিতে সমবায়ের বিশাল ভূমিকা দেখতে পাচ্ছে। আজ নতুনদিল্লিতে ভারত মণ্ডপমে আন্তর্জাতিক সমবায় জোটের, বৈশ্বিক সমবায় সম্মেলনের উদ্বোধন করে, তিনি একথা বলেন। তিনি বলেন যে সমবায় ভারতের সংস্কৃতির ভিত্তি, শুধু একটি মডেল নয়। তিনি উল্লেখ করেন যে ভারতে সমবায়গুলি একটি ধারণা থেকে একটি আন্দোলন, একটি আন্দোলন থেকে একটি বিপ্লব এবং একটি বিপ্লব থেকে ক্ষমতায়নে বিকশিত হয়েছে। তিনি আরও বলেন, ভারত সমবায়ের মাধ্যমে সমৃদ্ধির মন্ত্র অনুসরণ করছে। এই উপলক্ষে, প্রধানমন্ত্রী আন্তর্জাতিক সমবায় বর্ষ ২০২৫ এর একটি স্মারক ডাকটিকিট চালু করেন। ভুটানের প্রধানমন্ত্রী দাশো শেরিং তোবগে, ফিজির উপ-প্রধানমন্ত্রী মানোয়া কামিকামিকা এবং স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহও সম্মেলনে যোগ দেন।

আন্তর্জাতিক সমবায় জোটের ১৩০ বছরের ইতিহাসে প্রথমবারের মতো, ভারতে এই সম্মেলন এবং সাধারণ পরিষদের আয়োজন করা হচ্ছে। ১৮৯৫ সালে প্রতিষ্ঠিত ইন্টারন্যাশনাল কো-অপারেটিভ অ্যালায়েন্স বিশ্বব্যাপী ৩০ লক্ষ সমবায় উদ্যোগের প্রতিনিধিত্ব করে এবং এর এক বিলিয়নেরও বেশি সমবায় সদস্য রয়েছে। ভারত মণ্ডপমে ছয় দিনব্যাপী এই সম্মেলন বিভিন্ন অনুষ্ঠান ও আলোচনার জন্য বিশ্বের বিভিন্ন দেশের সমবায়কে একত্রিত করবে। অনুষ্ঠানে প্রায় তিন হাজার বিদেশী ও ভারতীয় প্রতিনিধি উপস্থিত থাকবেন বলে আশা করা হচ্ছে। সম্মেলনটি সকলের জন্য একটি সম্মিলিত, শান্তিপূর্ণ এবং সমৃদ্ধ ভবিষ্যত তৈরিতে সমবায়ের ভূমিকা অন্বেষণ করবে। সম্মেলনের প্রতিপাদ্য, সমবায় সকলের জন্য সমৃদ্ধি গড়ে তোলে।

******************************

**ICP-Sabroom & Agartala :**

আগামীকাল বিকেলে আগরতলা স্থলবন্দরে ল্যান্ড পোর্ট ম্যানেজমেন্ট সিস্টেম চালু করা হবে। সেখানে উদ্বোধনী অনুষ্ঠানে উপস্থিত থাকবেন এলপিএআই-এর চেয়ারম্যান আদিত্য মিশ্র, আইপিএস।

এর আগে আগামীকাল সকাল ১০টায় ভারতীয় স্থলবন্দর কর্তৃপক্ষের উদ্যোগে সাব্রুম স্থলবন্দরে "সেতু নির্মাণঃ সাব্রুম স্থল বন্দরের মাধ্যমে বাণিজ্য ও সংযোগ" শীর্ষক এক সম্মেলন অনুষ্ঠিত হবে। গৌহাটির কাস্টমস অ্যান্ড ইনডাইরেক্ট ট্যাক্সের প্রধান কমিশনার শৈলেন্দ্র কুমার সিনহা এবং বর্ডার সিকিউরিটি ফোর্সের ইস্টার্ন কমান্ডের অতিরিক্ত ডিরেক্টর জেনারেল রবি গান্ধী সহ বিশিষ্ট ব্যক্তিগণ এই সম্মেলনে উপস্থিত থাকবেন।

*****************************

**Press Club :**

পেশাগত দায়িত্ব পালন করতে গিয়ে আজ ভোর রাতে একজন চিত্র সাংবাদিক আক্রান্ত হবার ঘটনার নিন্দা জানিয়েছে আগরতলা প্রেস ক্লাব। দুর্বৃত্তদের দৃষ্টান্তমূলক শাস্তির দাবি জানিয়েছে প্রেস ক্লাব। ঘটনার নিন্দা জানিয়ে এই একই দাবি জানিয়েছে ত্রিপুরা জার্নালিস্ট ইউনিয়ন, ত্রিপুরা ফটো জার্নালিস্ট অ্যাসোসিয়েশন ও ত্রিপুরা ওয়ার্কিং জার্নালিস্ট ইউনিয়ন।

************************

**Update Akashvani :**

শ্রোতাবন্ধুরা, আকাশবাণীর সংবাদ সহ বিবিধ খবরের বিস্তৃত আপডেট পেতে লগ ইন করুন – ডব্লিউ. ডব্লিউ. ডব্লিউ ডট নিউজ অন এ আই আর ডট কম এবং নিউজ অন এ-আই-আর অ্যাপ, এবং ট্যুইটার ও  ফেসবুক প্লাটফর্মে-এ এ আই আর নিউজ-এলার্টস। ইউ-টিউব-এ লক্ষ্য করুন নিউজ-অন-এআইআর-অফিসিয়াল।

এছাড়া, সংবাদ আপডেট পেতে দেখুন ট্যুইটার বা এক্স হ্যান্ডেলে আকাশবাণী নিউজ আগরতলা / ফেসবুকে এ-আই-আর নিউজ আগরতলা এবং ইউ টিউবে আকাশবাণী নিউজ আগরতলা।

****************************

**Deputation-DM :**

সারা ভারত কৃষক সভা, গনমুক্তি পরিষদ ও ত্রিপুরা ক্ষেত মজুর ইউনিয়নের পক্ষ থেকে তিন দফা দাবিতে আজ আগরতলায় পশ্চিম জেলার জেলা শাসক ডাঃ বিশাল কুমারের কাছে ডেপুটেশন প্রদান করা হয়। ডেপুটেশন শেষে বিধায়ক নয়ন সরকার জানান, ন্যায্যমূল্যের দোকান থেকে নিয়মিতভাবে চিনি, কেরোসিন এবং সরিষার তেল সহ অন্যান্য রেশন সামগ্রী সরবরাহ করার জন্য জেলা শাসকের কাছে দাবি জানানো হয়েছে।

*****************************

**Exibition :**

আগরতলা লিচুবাগানস্থিত সরকারি চারু ও কারুকলা মহাবিদ্যালয়ে ৪৮তম বার্ষিক চিত্র ও ভাস্কর্য প্রদর্শনী আজ থেকে শুরু হয়েছে। তা চলবে ২৯শে নভেম্বর পর্যন্ত। উদ্বোধন করেন উচ্চশিক্ষা দপ্তরের অধিকর্তা অনিমেষ দেববর্মা। কলেজের ২০০ জন ছাত্রছাত্রী ছাড়াও প্রাক্তন ছাত্রছাত্রীরা তাদের শিল্পকর্ম তুলে ধরেছেন এই প্রদর্শনীতে।

*****************************

**Dharti Aaba Janajatiya Gram Utkarsha Abhiyan :**

জম্পুইজলা মহকুমার প্রমোদনগর বাজার কমিউনিটি হল প্রাঙ্গনে আজ এক বিশেষ প্রশাসনিক শিবির অনুষ্ঠিত হয়। ধরতি আবা জনজাতীয় গ্রাম উৎকর্ষ অভিযানের আওতায় আয়োজিত এই শিবিরে এলাকার বহু মানুষ বিভিন্ন প্রশাসনিক সুযোগ-সুবিধা গ্রহণ করেছেন। জম্পুইজলা মহকুমা শাসক অফিসের DCM বিশ্বনাথ রায় জানিয়েছেন মহকুমা প্রশাসনের পক্ষ থেকে ইনকাম, PRTC, বিবাহ নিবন্ধীকরণ, আধার কার্ড, এস.টি, সারভাইভ্যাল সার্টিফিকেট সহ বিভিন্ন সরকারি শংসাপত্রের জন্য আবেদন গ্রহণ করা হয়।

****************************

**Mushtaq Ali :**

মুস্তাক আলী ট্রফি টি-২০ ক্রিকেট প্রতিযোগিতার গ্রুপের দ্বিতীয় খেলায়ও ত্রিপুরা পরাজিত হয়েছে। ইন্দোরে অনুষ্ঠিত খেলায় আজ কর্ণাটক ৫ উইকেটে রাজ্যদলকে হারিয়ে দেয়। প্রথমে ব্যাট করতে নেমে রাজ্যদল ২০ ওভারে ৫ উইকেট হারিয়ে ১৮৫ রান করে। জবাবে কর্ণাটক ১৯ ওভার ৩ বল-এ ৫ উইকেট হারিয়ে জয়ের লক্ষ্য পূরণ করে।

**************************************

**Under-15 Cricket :**

অনূর্ধ্ব ১৫ বছরের মেয়েদের জাতীয় ক্রিকেটের গ্রুপের তৃতীয় খেলায়ও আজ ত্রিপুরা পরাজিত হয়েছে। দেরাদুনে অনুষ্ঠিত সীমিত ওভারের আসরে চন্ডিগড় ২ উইকেটে রাজ্যদলকে হারিয়ে দেয়।

*************************

**Weather :**

আগামীকাল আকাশ আংশিক মেঘাচ্ছন্ন থাকবে। সকালে কুয়াশা পড়বে। আগামীকাল তাপমাত্রা সর্বোচ্চ ২৮ ডিগ্রি সেলসিয়াস এবং সর্বনিম্ন ১৭ ডিগ্রি সেলসিয়াস এর কাছাকাছি থাকবে। আজ দিনে সর্বোচ্চ তাপমাত্রা ছিল ২৮ দশমিক ৩ ডিগ্রি সেলসিয়াস এবং সর্বনিম্ন ১৬.৭ ডিগ্রি সেলসিয়াস।

*******************************